

আইলায় বিধুস্থ এলাকায় ত্রাণ উদ্ধারতৎপরতা

গত ২৫ মে ২০০৯ তারিখে বাংলাদেশের দক্ষিণ পশ্চিমাঞ্চলের উপর দিয়ে বয়ে যাওয়া জলোচ্ছাস ও ঘূর্ণিঝড়ে জান মালের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। ঘূর্ণিঝড় ও জলোচ্ছাস পরবর্তী ত্রাণ তৎপরতা ও উদ্ধার অভিযানের দায়িত্ব হিসাবে বা নৌ জা মংলা বরগুনা ও তৎসংলগ্ন এলাকায় ত্রাণ তৎপরতা ও উদ্ধার কার্যে গত ২৮ মে ২০০৯ তারিখে কন্টিনজেন্ট মোতায়েন করে। উক্ত কন্টিনজেন্ট ০১ জন অফিসারসহ বিভিন্ন পদবীর সর্বমোট ২৬ জন নাবিক অংশ গ্রহণ করে। কন্টিনজেন্ট মোতায়েন কালে উপদ্রুত এলাকায় স্থানীয় প্রশাসনের সহায়তায় ব্যাপক ত্রাণ তৎপরতা ও উদ্ধার অভিযানে সফল ভাবে অংশ গ্রহণ করে। এই ব্যাপারে বা নৌ জা মংলায় একটি রিলিফ কো-অর্ডিনেশন সেল স্থাপন করা হয়। গত ০১ ও ২৬ জুন ২০০৯ তারিখ কমডোর কমান্ডিং খুলনা (কমখুল) খুলনা জেলার কয়রা উপজেলার ঘূর্ণিঝড় ‘আইলা’ উপদ্রুত ৪নং ওয়ার্ড, মহেশ্বরীপুর ও তৎসংলগ্ন এলাকার দুস্থ জনগণের মাঝে ত্রাণসামগ্রী বিতরণ করেন। মাননীয় নৌ বাহিনী প্রধান রিয়ার এডমিরাল এম জহির উদ্দিন আহমেদ, (এনডি), এনডিসি, পিএসসি গত ০২ জুন ২০০৯ তারিখ ঘূর্ণিঝড় ‘আইলা’ দূর্গত জনগণের মাঝে ত্রাণ বিতরণার্থে খুলনা জেলার দাকোপ উপজেলায় গমন করতঃ স্থানীয় দুস্থ জনগণের মাঝে উল্লেখযোগ্য পরিমাণ ত্রাণসামগ্রী বিতরণ করেন। উক্ত সময়ে তাঁর সহিত কমখুল, ইউএনও দাকোপ উপজেলা এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। উল্লেখ্য যে এলসিটি, এলসিভিপি, রিলিফবোট সমূহ এবং নৌ স্কাউট দূর্গত এলাকায় দুর্ঘটনাত্তোর ত্রাণ কার্যে অংশ গ্রহণ করে।